গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর
প্রশাসন বিভাগ
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০।
www.dgfood.gov.bd

কৌশল বাস্তবায়নে খাদ্য অধিদপ্তরের কর্মপরিকল্পনা ২০১৮-২০১৯ এর আওতায় নৈতিকতা কমিটির ৪র্থ সভার কার্যবিবরণীঃ-

(ক) সভাপতিঃ ড.মোছাম্মৎ নাজমানারা খানুম
মহাপরিচালক
(খ) তারিখঃ ১৭/০৬/২০১৯
(গ) সময়ঃ বেলা ০২.৩০ ঘটিকা।
(ঘ) স্থানঃ অধিদপ্তরের সভাকক্ষ।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলোঃ

১। সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভায় সভাপতি আলোচ্য বিষয় সমূহ সভায় উপস্থাপনের জন্য বলেন। জনাব পরিমল চন্দ্র সরকার,পরিচালক (প্রশাসন) সভাকে জানান যে, মন্ত্রি পরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক খাদ্য অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে নিম্নবর্ণিত সদস্যদের নিয়ে নৈতিকতা কমিটি গঠন করা হয়ঃ

১। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সভাপতি
২। অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
৩।পরিচালক, প্রশিক্ষণ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
৪। পরিচালক, চলাচল,সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
৫। পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য
৬। পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব

**২। নৈতিকতা কমিটির কার্যপরিধি নিমণরুপঃ**

(ক) খাদ্য অধিদপ্তরের শুদ্ধাচার প্রতিষ্ঠার ক্ষেত্রে অর্জিত সাফল্য এবং অন্তরায় চিহ্নিতকরণ।
(খ) পরিলক্ষিত অন্তরায় দুরীকরণে সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন।
(গ) শুদ্ধাচার প্রতিষ্ঠায় গৃহিত কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণ এবং
(ঘ) মন্ত্রিপরিষদ বিভাগে অবস্থিত জাতীয় শুদ্ধাচার বাস্তবায়ন ইউনিটে সংশ্লিষ্ট অধিদপ্তর/প্রতিষ্ঠানের শুদ্ধাচার বাস্তবায়নের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন প্রেরণ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে জনাব পরিমল চন্দ্র সরকার,পরিচালক (প্রশাসন) শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে খাদ্য অধিদপ্তরের জন্য গঠিত নৈতিকতা কমিটি ও এর কর্মপরিধি এর উপর সংক্ষিপ্ত উদ্ধৃতি পূর্বক খাদ্য মন্ত্রণালয়ের শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন কর্মপরিকল্পনার আলোকে অত্র দপ্তরেরর কর্ম-পরিকল্পনা প্রণয়নের জন্য সভায় উপস্থিত সদস্যবৃন্দের সম্মুখে পর্যায়ক্রমে বিষয়/কর্মসমূহ তুলে ধরেন। সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণের মাধ্যমে সভার আলোচনা ও সিদ্ধান্ত নিম্নে উপস্থাপন করা হলোঃ

| ক্রঃ নং | বিষয়/কার্যসমূহ | আলোচনা | সিদ্ধান্ত/মন্তব্য | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|---|
| ১. | নৈতিকতা কমিটির সভা | শুদ্ধাচার ও সুশাসনের সমস্যাসমূহ চিহ্নিতকরণ ও সমাধানের জন্য তিন মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন করার কর্ম-পরিকল্পনা রয়েছে।সে মোতাবেক নৈতিকতা কমিটির সভা করে কার্যবিবরনী স্ব স্ব ওয়েব সাইটে আপলোড করণের সিদ্ধান্ত ছিল ।কিন্তু মাঠ পর্যায় হতে তা বাস্তবায়ন করা হয়নি। | তিন মাস অন্তর অন্তর নৈতিকতা কমিটির নিয়মিত সভা আয়োজন করতে হবে এবং কার্যবিবরণী স্ব স্ব ওয়েব সাইটে আপলোড করতে হবে। | পরিচালক(সকল) খাদ্য অধিদপ্তর/প্রধান মিলার/প্রধান নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল), |
| ২ | উত্তম চর্চার (Best Practice) তালিকা প্রণয়ন করে মন্ত্রিপরিষদ | উত্তম চর্চার উপর সচেতনতা বৃদ্ধি করণ ও খাদ্য অধিদপ্তরাধীন সংশ্লিষ্ট সকল স্থাপনায় উত্তম চর্চা বাস্তায়নের উপর গুরুত্তারোপ করা হয়। | উত্তম চর্চার উপর সচেতনতা বৃদ্ধি করতে হবে ও তা বাস্তবায়ন করতে হবে। | পরিচালক(সকল) খাদ্য অধিদপ্তর/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা |

| ক্রঃ নং | বিষয়/কার্যসমূহ | আলোচনা | সিদ্ধান্ত/মন্তব্য | বাস্তবায়নকারী দপ্তর |
|---|---|---|---|---|
| | বিভাগে প্রেরণ | | | খাদ্য নিয়ন্ত্রক। |
| ৩ | জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারিদের প্রশিক্ষণ প্রদান | খাদ্য অধিদপ্তরের প্রশিক্ষন বিভাগ হতে নিয়মিত প্রশিক্ষণ কর্মসূচীতে শুদ্ধাচার ও নৈতিকতা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়ে থাকে। এই প্রশিক্ষণ অব্যাহত রাখার জন্য প্রশিক্ষণ বিভাগকে অনুোধ করা হয়। | প্রশিক্ষণ বিভাগ হতে জাতীয় শুদ্ধাচার কৌশল বিষয়ে কর্মকর্তা-কর্মচারীদের প্রশিক্ষণ অব্যাহত রাখতে হবে। | প্রশিক্ষণ বিভাগ খাদ্য অধিদপ্তর। |
| ৪ | তথ্য বাতায়নে সংযোজিত সংশ্লিষ্ট তথ্যসমূহ হালনাগাদকরণ | জরুরি ও গুরুত্বপূর্ন তথ্যসমূহ তথ্য তাৎক্ষনিকভাবে তথ্য বাতায়নে সংযোজিত করার উপর গুরুত্তারোপ করা হয়। | জরুরি ও গুরুত্বপূর্ন তথ্যসমূহ তথ্য তাৎক্ষণিকভাবে তথ্য বাতায়নে সংযোজিত করতে হবে। | সিস্টেম এনালিস্ট খাদ্য অধিদপ্তর। |
| ৫ | ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ) | ভিডিও/অনলাইন/টেলি-কনফারেন্স আয়োজন (স্কাইপ/ম্যাসেন্জার, ভাইবার ব্যবহারসহ বিষয়ে আলোচনা হয়। লক্ষ্য মাত্রা অনুযায়ী কোয়ার্টারভিত্তিক ভিডিও কনফারেন্স করার বিষয়ে আলোচনা হয়। | কোয়ার্টারভিত্তিক ভিডিও কনফারেন্স করতে হবে। | পরিচালক(সকল) খাদ্য অধিদপ্তর/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/সিস্টেম এনালিস্ট। |
| ৬ | দপ্তর/সংস্থায় চালুকৃত অনলাইন/ই-সেবার ব্যবহার সংক্রান্ত কার্যক্রম পরিবীক্ষণ ই-ফাইলিং চালুকরণ | আবশ্যিকভাবে ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করতে বলা হয়। | ই-ফাইলিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে। | পরিচালক(সকল) খাদ্য অধিদপ্তর/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক/জেলা খাদ্য নিয়ন্ত্রক/সিস্টেম এনালিষ্ট খাদ্য অধিদপ্তর। |
| ৭ | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়নবাস্তবায়ন | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন ও বাস্তবায়নের উপর গুরুত্তারোপ করা হয়। | বার্ষিক উদ্ভাবন কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে। | খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটি |
| ৮ | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়নের আলোচনা হয়। | বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ন্তভুক্ত কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। | খাদ্য অধিদপ্তরের ইনোভেশন কমিটি |
| ৯ | 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২. ১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান | 'শুদ্ধাচার পুরস্কার বিষয়ে আলোচনা হয়। শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২. ১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে বলা হয়। | 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এবং মন্ত্রিপরিষদ বিভাগের ১৩.৩.২০১৮ তারিখের ০৪.০০.০০০০.৮২২.১৪.০৪২. ১৬.০৫৩ নম্বর স্পষ্টীকরণ পত্র অনুযায়ী অর্থ বছরভিত্তিক শুদ্ধাচার পুরস্কার প্রদান করতে হবে। | পরিচালক(সকল) খাদ্য অধিদপ্তর/প্রধান মিলার/প্রধান নিয়ন্ত্রক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক(সকল)/ জেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল), উপজেলা খাদ্য নিয়ন্ত্রক(সকল)। |

পরিশেষে সকলকে পুনরায় ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

(ড.মোছাম্মৎ নাজমানারা খানুম)
মহাপরিচালক
ফোন-৯৫৮৪৮৩৪
dg@dgfood.gov.bd

স্মারক নং ১৩.০১.০০০০.০৩১.১৬.০০১.১৮. ১৬০৭(৩০) তারিখঃ২৮/৮/২০১৯ খ্রি.।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে।

১। সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৩। অতিঃ মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৪। প্রকল্প পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৫। পরিচালক, প্রশাসন/সরবি/চসসা/পউকা/সংগ্রহ/প্রশিক্ষণ/হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৬। বিজ্ঞ আইন উপদেষ্টা, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৭। প্রধান মিলার, পোস্তগোলা সরকারি আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।
৮। অতিঃ পরিচালক, প্রশাসন/অভ্যন্তরীণ নিরীক্ষা/এমআইএসএন্ড এম বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
৯। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর।
১০। প্রধান নিয়ন্ত্রক, ঢাকা রেশনিং, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

২৮/৮/১৯

(মোহাম্মদ ফারুক হোসেন)
অতিরিক্ত পরিচালক
প্রশাসন বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
ফোন-৯৫৮৩৮৯৯
adl.adam@dgfood.gov.bd